কেরুজ চিনিকল মিলস গেট আখ চাষি কল্যাণ সংস্থার বিশেষ সাধারন সভা

কেরুজ চিনিকল মিলস গেট আখ চাষি কল্যাণ সংস্থার বিশেষ সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০ টার দিকে দর্শনা মা ও শিশু জেনারেল হাসপাতাল স্বাস্থ্য কেন্দ্র হল রুমে এ সভা অনুষ্ঠিত হয়।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার সভাপতি আব্দুল হান্নানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হাসপাতাল পরিচালনা কমিটির সহ-সভাপতি দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক ও হাউলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম।

আখচাষি কল্যান সংস্থার সহ-সভাপতি ওমর আলীর সঞ্চালনা বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন আখচাষী কল্যান সংস্থার সাধারন সম্পাদক আব্দুল বারী বিশ্বাস, সহ সম্পাদক জয়নাল আবেদীন নফর, আখচাষী কল্যান সংস্থার উপদেষ্টা হাজী আকমত আলী, হুমায়ুন শাহ, আমির হোসেন সিআইসি, নির্বাহী সদস্য ইউনুচ আলী, শহীদ লতিফ মিল্টন, ফরিদ আহমেদ, বিশিষ্ট আখচাষি আওয়াল হোসেন, নিজাম উদ্দিন।

এসময় উপস্থিত থেকে বক্তব্যে বলেন অর্থাভাবে বর্তমানে হাসপাতালের নাজুক অবস্থা। এ হাসপাতালের চিকিৎসা সেবা উন্নত করতে আমরা বিভিন্ন স্থানে যোগাযোগ অব্যাহত রেখেছে। ইতিমধ্যে এ হাসপাতালের চিকিৎসা সেবার বিষয়ে ঢাকা বারডেম হাসপাতালের কর্মকর্তাদের সাথে আমাদের আলোচনা হয়েছে। তারা হাসপাতাল পরিদর্শন করে হাসপাতালের চিকিৎসা আরও উন্নত করতে সম্মতি জ্ঞাপন করছে। এ জন্য এ হাসপাতালের যন্ত্রপাতি ও সরঞ্জাম আধুনিক করতে বলেছে হাসপাতাল কর্তৃপক্ষকে। এজন্য প্রয়োজন অর্থ। যে পরিমান অর্থ প্রয়োজন তা আমাদের তহবিলে নেই। এ হাসপাতাল আখচাষী কল্যাণ সংস্থা কর্তৃক পরিচালিত। এ অর্থের ফান্ড কেরুজ চিনিকলে মিলসগেটে যাওয়া আখ

চাষীদের ওজনের আখের ঢলতার টাকা থেকে। কিন্ত চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের সাবেক চেয়ারম্যান দেলোয়ার হোসেন ক্ষমতার অপব্যবহার দেখিয়ে কেরুজ চিনিকলে ঢলতার আখচাষী কল্যান সংস্থার বিগত দিনের ১৬ লাখ ২১৩ টাকা আটকে রেখে দিয়েছে। যে করণে হাসপতালের উন্নয়ন ও

চিকিৎসা সেবা বঞ্চিত হচ্ছে। একই সাথে দর্শনা ও ফরিদপুর চিনিকলে দুটি আখচাষী কল্যান সংস্থার ধলতার টাকা আটকি দিলেও ফরিদপুর সুগার মিল কর্তৃপক্ষ ফরিদপুর আখচাষী কল্যাণ সংস্থা তাদের সমুদয় টাকা বুঝে পেলেও এখনো পর্যন্ত কেরুজ চিনিকল দর্শনা আখচাষী কল্যাণ সংস্থার সমুদয় টাকা দিচ্ছে না। তাই সমুদয় টাকা না পেলে আইনের সহায়তা নিতে বাধ্য হবে হুশিয়ারী বক্তব্য রাখেন বক্তারা।

আলমডাঙ্গায় বিএনপির ১৬ নেতাকর্মী গ্রেফতার

গ্রেপ্তারকৃত সহকর্মীদের দেখতে গিয়ে আটক হলেন আলমডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু। আজ শনিবার সকালে থানা প্রাঙ্গণ থেকে তাকে আটক করা হয় বলে দাবি করে স্থানীয় নেতাকর্মীরা।

এছাড়াও ২০২২ সালের নাশকতা মামলায় আটক করা হয়েছে উপজেলা যুবদলের সদস্য সচিব রফিকুল ইসলামসহ এর বিভিন্ন সহযোগী সংগঠনের আরো ১৬ নেতাকর্মীকে। এঘটনায় তিব্র নিন্দা জানিয়েছে চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরিফ।

গ্রেপ্তারকৃত আসামীরা হলেন- জিল্লুর রহমান ওল্টু (৫৬), রফিকুল ইসলাম (৪২), উজ্জ্বল হোসেন (৩৫), আব্দুল আলিম (৩৬), রাজু (৩০), মোখলেস রহমান মিলন (৪৫), সাফায়েত হোসেন (৩৭), ইফতেখারুল ইসলাম (২৯), শফিকুল আজম (৩৭), জহুরুল ইসলাম বেনজির আহমেদ স্বপন (৪৫), নাসির উদ্দিন (৪৫), ওবায়দুর রহমান বেল্টু (৩৩), সাইফুর রহমান (৪৪), ইকতার (৪৫), দেলোয়ার হোসেন ঝন্টু (৪৩), আমিনুল ইসলাম
(৫৭) ।

পুলিশ সূত্রে জানাযায়, ২০২২ সালের ১৪ ডিসেম্বর আলমডাঙ্গার আসাননগর গ্রামে নাশকতার অভিযোগে অত্র থানার পুলিশের উপ-পরিদর্শক (এসআই) ইকবাল হোসেন বাদি হয়ে ৯ জনের নাম উল্লেখ সহ অজ্ঞাতনামা ৫০-৬০ জনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। সেই মামলায় গতকাল শুক্রবার মধ্যরাত থেকে আজ শনিবার সকাল সাড়ে ৬টা পর্যন্ত উপজেলার

বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে আসামীদের বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। একযোগে ১৬ জনকে গ্রেপ্তার করা হয়। নাশকতা সংশ্লিষ্ট মামলায় গতকাল শনিবার দুপুরে তাদের আদালতে সোপর্দ করা হয়। এখন পর্যন্ত এই মামলায় ৩৩ জনের মত গ্রেপ্তার করা হয়েছে। বাকিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে বলে জানিয়েছে মামলার তদন্ত কর্মকর্তা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) আমিনুর ইসলাম।

আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথ জানান, গ্রেপ্তারকৃত আসামীদের বিরুদ্ধে নাশকতা মামলা রয়েছে। রাতে থানা পুলিশ অভিযান চালিয়ে ১৭ জন নেতাকর্মীকে গ্রেপ্তার করে।

আলমডাঙ্গার এরশাদপুর গলায় ফাঁস লাগিয়ে গৃহবধূর আত্নহত্যা

আলমডাঙ্গার এরশাদপুর গ্রামে গলায় ফাঁস লাগিয়ে এক গৃহবধূ আত্নহত্যা করেছে। আজ শনিবার দিবাগত রাত ১ টায় নিজ ঘরে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করে। এঘটনায় গৃহবধূর পিতার বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করেন।

জানাগেছে, আলমডাঙ্গা পৌরসভার ৫ নম্বর ওয়ার্ড এরশাদপুর গ্রামের তাঁতিপাড়ার সালামের মেয়ে ইশিতা খাতুন (২৯)। গত ৫ বছর পূর্বে একই এলাকার লিজুর সাথে পারিবারিক ভাবে বিবাহ হয়। বৈবাহিক জিবনে তাদের ৩ বছরের একটি কণ্যা সন্তান রয়েছে।

গতকাল শুক্রবার (১৯শে মে) রাত ১১ টায় ইশিতা তার শিশু কণ্যাকে খাবার খাওয়াচ্ছিলো। শিশুটি কান্না করায় স্বামীর সাথে তর্কবিতর্ক সৃষ্টি হয়।

এঘটনায় রাতে লিজু পিকনিকে অনুষ্ঠানে গেলে সুযোগ বুঝে নিশিতা গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যার চেস্টা করে। পরিবারের লোকজন দরজা ভেঙে তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে। আত্নহত্যার ঘটনায় ওই গৃহবধূর লাশ ময়নাতদন্ত শেষে পরিবারের নিকট হস্তান্তর করেছে পুলিশ। গতকাল

বিকেল ৫ টায় এরশাদপুর গোরস্তানে দাফন সম্পন্ন হয়েছে।

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নে পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ‘বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি’ তথ্য দিন সেবা নিন- এ শ্লোগানকে সামনে রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, নারী নির্যাতন, বাল্যবিয়ে প্রতিরোধে বকসিপুর গ্রামে আজ শনিবার বিকেলে থানা পুলিশের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক তদন্ত একরামুল হোসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ।

এসময় তিনি বলেন, ‘ আপনাদের গ্রামের হাতে গুনা কয়েকজন মানুষের কারণে সকলের বদনাম হচ্ছে। আপনাদের থানায় যোগদানের পর থেকে চোর ধরা পড়লেই শুনি বকসিপুরের মানুষ সেই চুরির সাথে জড়িত। সেটা মোটরসাইকেল চুরি, পানির পাম্প চুরি, ভ্যান চুরিসহ অধিকাংশ চুরির সাথেই আপনাদের গ্রামে মানুষের নাম শুনি। এখনই এই চোরদের ধরিয়ে দিন। তা না হলে এক সময় আপনাদের পুরো গ্রামের নাম চোরের গ্রাম হয়ে যাবে। তিনি আরও বলেন, মাদকের সাথে যারা জড়িত তাদের কোন ছাড় নেই। বাল্য বিয়ে ও ইভটিজিং রোধে আপনারা অবশ্যই পুলিশকে সাহায্য করবেন।

সমাবেশে বিশেষ অতিথি ছিলেন ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলাম, ডাউকি বিট অফিসার এসআই হাদিউজ্জামান। বকসিপুর গ্রামের শিক্ষক টুটুল হোসেনের উপস্থাপনায় উপস্থিত ছিলেন বকসিপুর গ্রামের মন্ডল শমসের আলী, মসলেম আলী, শাহাদৎ হোসেন, ফারুক, আব্দুল খালেক, মহিরদ্দিন, আওয়ামীলীগ নেতা খবির উদ্দিন, রোহনুজ্জামান নাহিদ, আনিস মেম্বার, আব্দুল খালেক, খাইরুল ইসলাম চুন্নু, ডাউকি ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য নাসিমা খাতুন, মাশুদা খাতুন, সাধারন সদস্য মানোয়ার হোসেন ওল্টু, আবু

দাউদ, আব্দুস সালাম, আফাজ উদ্দিন, লাভলুর রহমান, বদর উদ্দিন, আলমডাঙ্গা থানার এসআই দেবাশিষ কুমার, এসআই মারজান, এসআই মাহমুদুল, এএসআই জামির, এএসআই রিয়াজুল ইসলামসহ বকসিপুর গ্রাম ও অন্যান্য গ্রামের কয়েকশ নারী পুরুষ, শিক্ষার্থী প্রমুখ।

দর্শনার ধীরু বাউল সহ ১০ জনকে সম্মাননা

অপ সংস্কৃতি রুখতে ও গ্রামবাংলার ঐতিহ্যবাহী লোকজ অনুষ্ঠান বেশী বেশী প্রচার ও প্রসার করতে গত বুধ ও বৃহস্পতিবার দুদিন ব্যাপি ঢাকা জাতীয় প্রেসক্লাবে সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

প্রয়াত সাংবাদিক জহুর হোসেন চৌধুরী অডিটোরিয়ামে দুই বাংলার (ভারত-বাংলাদেশ) কবি সাহিত্যিক ও শিল্পীদের নিয়ে মিলন মেলা ও সম্মেলন অনুষ্টিত হয়।

বাংলাদেশ টেলিভিশনের লোকসংগীত শিল্পী ও চুয়াডাঙ্গার কৃতি সন্তান ধীরু বাউল ও কলকাতার শিল্পী ড.শিবানি দাসের কন্ঠে লালন সাঁইজির বিখ্যাত বাণী”” মিলন হবে কতদিনে” গানের মধ্যে দিয়ে শুভ সুচনা করা হয়।

কলকাতা বিশ্ববংগ সাহিত্য ও সংস্কৃতি সংগঠনের সভাপতি ড. রাধাকান্ত সরকারের সভাপতিত্বে দুদিন ব্যাপি এ বর্ণাঢ্য সম্মেলনের উদ্বোধন করেন ঢাকা জাতীয় প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক ইত্তেফাক পত্রিকার বিশেষ প্রতিনিধি ফরিদা ইয়াসমিন।

প্রধান অতিথির বক্তব্যে ফরিদা ইয়াসমিন বলেন দেশে বা বিদেশে মাটিরগান লোকগান বাউল জারিগান, বিচ্ছেদি, যাত্রা নাটক হারাতে বসেছে।এক সময় গ্রামের বাঁশতলা বটতলা, হাটেরমোড়ে, বড় উঠানে এ সব লোকজ অনুষ্টান হইতো, তখন গ্রামের সব বয়সি মানুষ রাত জেগে বসে বসে শুনতো। কত ভালো না লাগতো। বর্তমানে সেই সব মাটিরগান সহ অন্যান্য অনুস্ঠান না থাকায় আমরা যেন রুক্ষ মেজাজি বদ মেজাজি হয়ে বড়দের সম্মান না দিয়ে ইচ্ছেমত চলছি।তবে দেরীতে হলেও কলকাতা

১০জন শিল্পী কবিকে উত্তরীয় পরিয়ে সম্মাণনা স্মারক প্রদান করেন।

দামুড়হুদায় অগ্নিকাণ্ডে মেসার্স সাইম ট্রেডার্স পুড়ে ভস্নীভূত

দামুড়হুদার চারুলিয়া গ্রামে সার ও কীটনাশকের দোকানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী চারুলিয়া গ্রামের পুলপাড়া এলাকার মৃত নজরুল মাষ্টারের ছেলে শওকত আলী(৬০)।

শুক্রবার দিবাগত রাত ৩ টার দিকে নিজ বাড়ির সাথে সার ও কীটনাশকের দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এ সময় অগ্নিকাণ্ডে প্রায় অর্ধকোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি ব্যবসায়ী শওকত আলীর।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গোডাউনে বৈত্যতিক তার ছিড়ে আগুন লাগতে পারে। শুক্রবার ভোর ৪ টার দিকে প্রথমে স্থানীয় এলাকাবাসীরা দেখতে পান। ততক্ষণে এক ঘন্টা ধরে আগুন জ্বলে পুড়ে গিয়েছিল বলে জানানো হয়। এসময় মসজিদে যাওয়া মুসল্লী ও প্রতিবেশীদের সহায়তায় আগুন নিয়ন্ত্রণে আসে। মুহূর্তেই আগুন ছড়িয়ে পড়ে সার ও কীটনাশকের পুরো সার, বীজ ও কীটনাশকের গোডাউনে।

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ শওগত আলী কান্না জড়িত কণ্ঠে জানান,আমার দোকানের ক্যাশবাক্সে থাকা নগদ প্রায় পাঁচ লাখ টাকা,হিসাব খাতাসহ সব মালামাল পুড়ে ছাই হয়ে গেছে, আমি শেষ। আমার আর পুঁজি বলতে আর কিছুই রইল না। এই দোকানের কামাই রোজগার দিয়েই সংসার ও সন্তানের লেখাপাড়ার খরচ চালাতাম। এখন কি হবে।

স্থানীয় ইউপি সদস্য মনিরুজ্জামান মনি বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হতে পারে। আমি খবর পাওয়া মাত্রই পুড়ে যাওয়া ঘটনাস্থল পর্যবেক্ষণ করেছি। ক্ষতিগ্রস্থদের সার্বিক সহযোগিতার জন্যে সর্বাত্বক চেষ্টা করছি। তিনি আরো বলেন আমি উপজেলা নির্বাহী কর্মকর্তার সু-

দৃষ্টি কামনা করছি ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ানোর জন্য।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে আটক ২

চুয়াডাঙ্গা সদর থানা কর্তৃক মাদক বিরোধী অভিযানে ২৭ পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশনসহ ২ (দুই) জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানা কর্তৃক মাদক বিরোধী অভিযানে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান নেতৃত্বে এসআই (নি:)মোঃ মাসুদ রানা সঙ্গীয় ফোর্সসহ আজ শুক্রবার দুপুর ১ টার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন জনৈক নীলরতন সাহার গোডাউনের সামনে পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে দুইজন কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী বুজরুকগড়গড়ি (কেদারগঞ্জ) গ্রামের কাবিল উদ্দিনের ছেলে মোঃ বদর উদ্দিন বাদল (৩৩), আলমডাঙ্গা থানার জেহালা মুন্সিগঞ্জ গ্রামের নিজাম উদ্দিনের ছেলে মোঃ জানে আলম নয়ন (৪২) ।

এসময় তাদের দেহ তলাশি করে ২৭ (সাতাশ) পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করে পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান বলেন,গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গায় ভারতীয় সহকারী হাই কমিশনারের রাজনৈতিক ও গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময়

চুয়াডাঙ্গায় সফররত ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী মনোজ কুমার জেলার কেরু এ্যান্ড কোম্পানী গেষ্ট হাউস,ও কেরু ডিস্টিলারী বিভাগ রাজনৈতিক, সামাজিক ও গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময় করেছেন।

গত বুধবার (১৭ মে) সন্ধ্যা সাড়ে ৭টায় চুয়াডাঙ্গা সার্কিট হাউস মিলনায়তনে এক মতবিনিময় সভায় মিলিত হন তিনি। এর আগে বিকেল চারটায় চুয়াডাঙ্গা সার্কিট হাউজে এসে পৌঁছান ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী মনোজ কুমার।

চুয়াডাঙ্গা সার্কিট হাউজ মিলনায়তনে মতবিনিময় সভায় অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী লীগ চুয়াডাঙ্গা জেলা শাখার সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক পৌরসভার মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন ও সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার সম্পাদক সরদার আল-আমিন, প্রেসক্লাবের সহ-সভাপতি কামাল উদ্দীন জোয়ার্দার ও সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সভাপতি ও দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও জিটিভির জেলা প্রতিনিধি রিফাত রহমান, চ্যানেল ২৪ ও দৈনিক যায়যায়দিন পত্রিকার স্টাফ রিপোর্টার রেজাউল করিম লিটন, দৈনিক আজকের পত্রিকার জেলা প্রতিনিধি মেহরাব্বীন সানভী, ব্যবসায়ী উত্তম কর্মকার প্রমুখ।

মতবিনিময় সভায় রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন স্বাধীনতা সংগ্রামে ভারতের অবদানের কথা স্মরণ করে জেলাবাসীর পক্ষ থেকে ধন্যবাদ জানান সহকারী হাইকমিশনার শ্রী মনোজ কুমারকে। তিনি বলেন, কুষ্টিয়ায় ভিসা সেন্টার করার জন্য ধন্যবাদ। এতে চুয়াডাঙ্গাবাসীরা উপকৃত হচ্ছে।

সভায় উপস্থিত রাজনৈতিক, সামাজিক ও সাংবাদিক নেতারা ভারতীয় সহকারী হাইকমিশনারের উদ্দেশ্যে বলেন, ভিসায় প্রবেশের জন্য আরও কয়েকটি চেকপোস্টের নাম একসঙ্গে যুক্ত করা বা অনুমতি পাওয়া গেলে সুবিধা হতো। বন্ধু দেশে একটু বেশিই সুবিধার আশা রাখি। চুয়াডাঙ্গার দর্শনা ও ভারতের গেদে ইমিগ্রেশন পর্যন্ত যাত্রীদের পৌঁছুতে আধা কিলোমিটার হেঁটে যেতে হয়। বৃষ্টি ও গরমের সময় এটি অত্যন্ত কষ্টদায়ক। এই সমস্যা সমাধানে চেকপোস্ট কিছুটা এগিয়ে আনা যায় কিনা সেটা দেখা জরুরী।

মতবিনিময়ে বক্তারা বলেন, চুয়াডাঙ্গা কৃষি নির্ভর জেলা। বিভিন্ন প্রজাতের নানান ফলের চাষ এ জেলায় হচ্ছে। সে কারনে কৃষি বেজে কোনো বড় প্রতিষ্ঠান এই অঞ্চলে বিনিয়োগ করে কারখানা করলে জীবনমানের উন্নয়ন আরও বাড়বে। এ সময় নেতৃবৃন্দরা বিভিন্ন বিষয়ের ওপর গুরুত্বারোপ করেন।

ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী মনোজ কুমার আলোচনায় উঠে আসা গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে কাজ করার জন্য আশ্বস্ত করে বলেন, আপনাদের সঙ্গে কথা বলে ভালো লাগলো। অনেক দারুণ দারুণ পরামর্শ পেয়েছি। আমি আমাদের ভারত সরকারকে আপনাদের মতামত গুলো জানাবো।ভারতীয় হাই কমিশনার শ্রী মনোজ কুমার বৃহস্পতিবার সকাল ১০ টায় চুয়াডাঙ্গা থেকে দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী পরিদর্শন করে।

এ সময় তিনি কেরু ডিষ্টিলারী বিভাগ কেরুর পাইপ লাইন পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন দর্শনা থানার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, দর্শনা কেরুজ প্রশাসন বিভাগের এ ডি এম ইউসুফ আলী,দর্শনা কেরুজ ষ্টোর কিপার ইনচার্জ লিংকন ঢালী।পরিদর্শন শেষে ডিসি ইকোপার্ক ঘুরে তিনি বিদায় নেন।

চুয়াডাঙ্গায় মাদক ব্যবসায়ীর এক

বছরের জেল

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম অভিযান পরিচালনা করে ২ এ্যাম্পুল বুপ্রেনরফাইন বাবুল শেখ নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে এক বছরের জেল ও১০০ টাকা জরিমানা করেন।

বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিদর্শক আকবর হোসেন ও উপ পরিদর্শক সাহারা ইয়াসমিনের নেতৃত্বে সদর উপজেলার দৌলতদিয়ার এলাকায় এ অভিযান পরিচালনা করেন। অভিযান তার বসত ঘর থেকে ২ এ্যাম্পুল বুপ্রেনরফাইন জব্দ করে তাকে আটক করা হয়।
পরে সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূঁইয়া ভ্রাম্যমাণ আদালত বসিয়ে বাবুল শেখকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করেন। দণ্ডিত বাবুল শেখ দৌলতদিয়াড় দক্ষিণপাড়ার মৃত দাউদ আলী শেখের ছেলে। পরে তাকে কারাগারে পাঠানো হয়েছে।

দামুড়হুদায় বিভিন্ন প্রকল্পের কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি ইউনিয়নে মঙ্গলবার বিকাল ৩ টা সময় অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা, কাবিটা ২য় পর্যায়, কর্মসূচির প্রকল্প কাজের পরিদর্শন করলেন ইউএনও রোকসানা মিতা।

দর্শনা থানার কুড়ুলগাছি ইউনিয়নের কুড়ুলগাছি পশ্চিম পাড়া রাস্তা ও ধান্যঘরা পূর্ব পাড়া রাস্তার ফ্ল্যাট সলিং এবং বুইচিতলা কমিউনিটি ক্লিনিক প্রাংগনে মাটি ভরাট প্রকল্প কাজ সরেজমিনে পরিদর্শন করেন নির্মাণমাধীন প্রকল্পের কাজের পরিদর্শন করলেন। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।এসময় উপস্থিত ছিলেন কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, পিআইও, মিজানুর রহমান।

অপরদিকে চলমান রাস্তার কাবিখা কাবিটা গ্রামীন অবকাঠামো উন্নয়ন

মাটি ভরাট সংস্কার রাস্তার ফ্ল্যাট সলিং অন্তর্ভুক্ত রাস্তাতার কাজের উন্নত মানের ইট বালি সরবরাহ করা সহ দ্রুততার সাথে কাজ সম্পন্ন করার নির্দেশনা দেন।এছাড়া প্রকল্পের কাজের মান সন্তোষজনক।

সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, বর্ষা মৌসুমে জনগনের চলাচল সহ যে কোন সমস্যা আমরা দ্রুুততার সাথে সমাধান করবো। বর্তমান সরকারের অঙ্গিকার বাস্তবায়নে আমরা সকল সময় নিরলস ভাবে কাজ করে চলেছি।